# রাশিয়া থেকে ২১টি সামরিক হেলিকপ্টার কিনছে ইরান



ছবি: সংগৃহীত

রাশিয়ার কাছ থেকে ২১টি এমআই-১৭১ হেলিকপ্টার সংগ্রহের উদ্যোগ নিয়েছে ইরান। উদ্ধার অভিযান, ত্রাণ বিতরণ এবং জরুরি রসদ পরিবহনের কাজে এসব হেলিকপ্টার ব্যবহার করা হবে।

রুশ রাজধানী মস্কোতে বুধবার ইরানের রেড ক্রিসেন্ট সোসাইটি এবং রাশিয়ার প্রতিনিধিদের মধ্যে এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বিষয়টি জানিয়েছে রাশিয়ার রাষ্ট্রীয় সংবাদমাধ্যম তাস।

চুক্তি অনুযায়ী, আগামী বছরের মার্চের মধ্যে প্রথম ধাপে চারটি হেলিকপ্টার ইরানের কাছে হস্তান্তর করা হবে। বাকি আকাশযানগুলো পর্যায়ক্রমে সরবরাহ করা হবে বলে জানা গেছে।

নতুন হেলিকপ্টারগুলোতে উন্নত নাইট ভিশন ব্যবস্থা থাকায় রাতের অন্ধকারেও কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে। এছাড়া দুর্যোগ মোকাবিলা ও জরুরি পরিস্থিতিতে ব্যবহারের জন্য এতে অগ্নিনির্বাপণসহ বিভিন্ন বিশেষায়িত সরঞ্জাম সংযুক্ত করা হবে।

LENS ASIA